

## 💵 প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

১০: আল্লাহ তাঁর বান্দার উপর সর্বপ্রথম কোন্ বিষয়টি ফরয করেছেন?

আল্লাহ কর্তৃক তাঁর বান্দার প্রতি ফরযকৃত সর্বপ্রথম বিষয়টি হচ্ছে, আল্লাহ্র প্রতি ঈমান আনা এবং তাগৃতকে অস্বীকার করা। মহান আল্লাহ বলেন,

﴿ وَلَقَدا بَعَثَانَا فِي كُلِّ أُمَّةً رَّسُولًا أَنِ اُعابَدُواْ اللَّهَ وَاُجِاتِنِبُواْ الطَّغُوت اَ فَمِناهُم مَّن اَ هَدَى اللَّهُ وَمِناهُم مَّن اَ خَوْبَهُم مَّن اَ غَوْبَةُ السَّمُكَذِّبِينَ ٣٦ ﴾ [النحل: ٣٦] ﴿ ٣٦ مَّن عَقِبَةُ السَّمُكَذِّبِينَ ٣٦ ﴾ [النحل: ٣٦] ﴿ "আমি প্রত্যেক উম্মতের মধ্যেই রাসূল প্রেরণ করেছি এই নির্দেশ দিয়ে যে, তোমরা আল্লাহ্র ইবাদত কর এবং ত্বাগৃত থেকে বেঁচে থাক। অতঃপর তাদের মধ্যে কিছু সংখ্যককে আল্লাহ হেদায়াত করেছেন। পক্ষান্তরে কিছু সংখ্যকের জন্যে পথভ্রষ্টতা অবধারিত হয়ে গেছে। সুতরাং তোমরা পৃথিবীতে ভ্রমণ কর এবং দেখ, মিথ্যারোপকারীদের কিরূপ পরিণতি হয়েছে" (নাহল ৩৬)।

আর ত্বাগুত হচ্ছে, বান্দা যাকে নিয়ে তার সীমা অতিক্রম করেছে। চাই তা উপাসনার মাধ্যমে হোক, বা অনুসৃত হওয়ার দিক থেকে হোক, অথবা আনুগত্যের ক্ষেত্রেই হোক[1]।

অথবা বলা যায়, আল্লাহ ছাড়া যার ইবাদত করা হয়, সে-ই হচ্ছে ত্বাগৃত- যদি সে ঐ ইবাদতে রাষী-খুশী থাকে।

## ফুটনোট

[1] অর্থাৎ কোনো কিছুকে তার সীমা অতিক্রম করে স্রস্টার স্থানে পৌঁছে দেওয়া। সেটা কয়েকভাবে হতে পারে, সে বস্তুর ইবাদতের মাধ্যমে, অথবা সেটার অনুসরণের ক্ষেত্রে আল্লাহর অনুসরণের কাছে নিয়ে যাওয়া, অথবা সেটার আনুগত্য করার ক্ষেত্রে এমনভাবে আনুগত্য করা যে, সেটা আল্লাহর আনুগত্যের পর্যায়ে চলে যায়।

তবে সে বস্তুটি তাগুত হওয়ার জন্য শর্ত হচ্ছে সে ঐ ইবাদতে, কিংবা আনুগত্যে অথবা অনুসরণে রাযী-খুশী থাকা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1495

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন